

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটি সভার কার্যবিবরণীঃ

সভাপতি : দিলসাদ বেগম

জেলা প্রশাসক, রাজবাড়ী।

তারিখ : ২১/০১/২০২০খ্রিঃ।

সময় : বিকাল ০৩.৩০ টা।

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা নথিতে সংরক্ষিত)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কমিটির সদস্য-সচিব উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ীকে আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনা ও টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ বাস্তবায়ন সংক্রান্ত বিষয় সমূহ সম্পর্কে সভাকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ তদারকি কর্মকর্তা
১.	ডিসেম্বর/১৯ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণঃ ১৫/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।	কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	দপ্তর প্রধান (সকল)
২.	কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতি : সদস্যসচিব জানান গত সভার সিদ্ধান্তক্রমে জেলা সমাজসেবা কার্যালয়, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা মার্কেটিং অফিস ও জেলা তথ্য অফিস হতে কর্মপরিকল্পনা পাওয়া গিয়াছে। অন্যান্য দপ্তর হতে কর্মপরিকল্পনা পাওয়া যায়নি।	আগামী ৩১/০১/২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর সমূহ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক জেলা সমাজ সেবা কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ
৩.	এসডিজি ৪. ক. ১ লক্ষ্য মাত্রার বাস্তবায়ন : সকলের জন্য অর্ধভুক্তিমূলক ও সমতা ভিত্তিক গুণগতশিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শতভাগ বিদ্যালয়ে বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থার বিষয়ে সভায় আলোচনা হয়।	রাজবাড়ী জেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সমূহে বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন সুবিধার বর্তমান অবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রাজবাড়ী
৪.	স্থানীয় অগ্রাধিকার মূলক টেকসই উন্নয়ন সূচকের বাস্তবায়নঃ গত ২৭/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় রাজবাড়ী জেলার স্থানীয় অগ্রাধিকার মূলক টেকসই উন্নয়নসূচক রুপে নিরাপদ সবজি ও মসলা জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাণিজ্যিকীকরণকে নির্ধারণ করা হয়। উক্ত সূচকের বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	স্থানীয় অগ্রাধিকার মূলক টেকসই উন্নয়ন সূচকের বাস্তবায়ন নিশ্চিত করনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী
৫.	জেতার সমতা সংক্রান্ত ৫.৩.১ লক্ষ্য মাত্রার বাস্তবায়নঃ শিশুবিবাহ, বাল্যবিবাহ ও জোরপূর্বক বিবাহ প্রথার অবসানের লক্ষ্যে জন সচেতনতা বৃদ্ধিসহ বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহনের বিষয়ে সভায় আলোচনা হয়।	শিশুবিবাহ, বাল্যবিবাহ ও জোরপূর্বক বিবাহরোধে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজবাড়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজবাড়ী

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

dy
১০/১১/২০

(দিলসাদ বেগম)

জেলা প্রশাসক

রাজবাড়ী।

ফোন : ০৬৪১-৬৫৪০৫

ফোন : ০১৭৩৩৩৩৬৪০০

E-mail: dcrajbari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
রাজবাড়ী
www.dss.rajbari.gov.bd


স্মারকনং -৪১.০১.৮২০০.০০০.১২.০০১.১৯. ৭৯

তারিখ-৩০/০১/২০২০খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ, ঢাকা।

০২। -----, সদস্য।



উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
রাজবাড়ী।